মহাব্যবস্থাপক
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিষয়ঃ কাজে যোগদানপত্র।

মহাত্মন,

বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন-স্বাক্ষরকারী মেরুদন্ড ও কোমরের ব্যাথায় আক্রান্ত হয়ে বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট এর ০৫.০৯.২০২৩খ্রি. তারিখের বিনিকাসি/প্রশা-১২/২০২৩-২০২৪/১৭৪ নং পত্রমূলে আপনার বরাবরে অসুস্থতাজনিত কারণে ০৭.০৯.২০২৩খ্রি. তারিখ নৈমিত্তিক ছুটি মঞ্জুর ও কর্মস্থল ত্যাগের অনুমতির আবেদন জানিয়ে ঢাকায় গিয়ে বিশেষজ্ঞ ডাক্তার এর শরণাপন্ন হই। ডাক্তার আমার শারীরিক অবস্থা ও "MRI of Lumbo-Sacral Spine"- টেস্ট এর রিপোর্ট পর্যালোচনা করে আমাকে ঔষধ সেবন/প্রয়োগ, ফিজিওথেরাপী গ্রহণ ও অন্যান্য নিয়মকানুন মেনে চলাসহ ০১ মাস পূর্ণ বিশ্রামে থাকার পরামর্শ দেন। তৎপ্রেক্ষিতে আমি ১০.০৯.২০২৩ তারিখে আপনার বরাবরে ০১ (এক) মাসের পূর্ণ বেতনে অর্জিত ছুটি মঞ্জুরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদনপত্র প্রেরণ করি। কিন্তু উক্ত সময়ের মধ্যে আমার শারীরিক অবস্থার উন্নতি না হওয়ায় ডাক্তার আমাকে কয়েক ধাপে অতিরিক্ত আরো ০১ মাস ১৫ দিনসহ সর্বমোট ০২ মাস ১৫ দিন পূর্ণ বিশ্রামে থাকার পরামর্শ দেন, যা সময়ে সময়ে আমি আপনাকে লিখিত ও মৌখিকভাবে অবহিত করে পূর্ণ বেতনে অর্জিত ছুটি মঞ্জুরী বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাই। বর্ণিত প্রেক্ষাপটে আমি গত ০৭.০৯.২০২৩খ্রি. হতে ১১.১১.২০২৩খ্রি. তারিখ পর্যন্ত মোট ৬৬(ছেষট্টি) দিন অফিসে উপস্থিত থাকতে পারিনি। সর্বশেষ ০৯.১১.২০২৩খ্রি. তারিখে আমি ডাক্তার এর সাথে দেখা করলে তিনি আমার শারীরিক অবস্থা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক আমাকে কাজে যোগদানের উপযোগী মর্মে প্রত্যয়ন করায় আমি অদ্য ১২.১১.২০২৩খ্রি. তারিখ পূর্বাহ্নে অফিসের কাজে যোগদান করলাম।

অনুগ্রহপূর্বক আমার যোগদানপত্র খানা গ্রহণ করে বাধিত করবেন।

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

তারিখঃ ১২.১১.২০২৩খ্রি.।

(এ.এইচ.এম. মাহবুবুল বাসেত ভূঞা)
(ভঃ তঃ সূচক নং ঃ এম-৩৫২৮)
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা(উপমহাব্যবস্থাপক)
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট

**বাংলাদেশ কৃষি ব্যাংক**
নিরীক্ষা বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা

প্রকা/নিবি/প্রশা-২(২)/২০২৩-২০২৪/১০৪৭(১২৫০)

তারিখঃ ১৪.১১.২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক(প্রশাসন) মহোদয়ের দপ্তর , বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, ঢাকা।
০৫. সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। যোগদান পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৬. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখা, স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়/ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণের মাধ্যমে)।
১০. নথি/মহানথি।

১৪.১১.২০২৩

(সুজন চক্রবর্ত্তী)
সহকারী মহাব্যবস্থাপক

D:\ADMIN FOLDER AUDIT DEPARTMENT\DAO SIR ALL FILE\JOYNING DAO SIR\DAO SIR JOYNING.docx